শেখ হাসিনাকে পাসপোর্ট বা ট্রাভেল পাস দেবে না সরকার



পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। ছবি: সংগৃহীত

ভারতে অবস্থানরত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বন্দি বিনিময় চুক্তির আওতায় দেশে ফেরত চায় বাংলাদেশ। তাঁকে সাধারণ পাসপোর্ট বা ট্রাভেল পাস দেওয়া হবে না বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে চীনের কমিউনিস্ট পার্টির (সিপিসি) কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিভাগের মন্ত্রী লিউ হাইশিংকে বিদায় জানানোর পর সাংবাদিকদের এ কথা বলেন তিনি।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, শেখ হাসিনা শ্বশুরবাড়িতে বেড়াতে আসবেন না যে পাসপোর্ট নিয়ে আসবেন। ভারতের সঙ্গে বাংলাদেশের বন্দি বিনিময় চুক্তি রয়েছে। সেই চুক্তির আওতায় তাঁকে হস্তান্তর করতে চায় সরকার। পলাতক ও ফাঁসির দণ্ডপ্রাপ্ত আসামি হিসেবে তাঁকে সাধারণ পাসপোর্ট বা ট্রাভেল পাস দেওয়া হবে না।

এদিকে বাংলাদেশ-চীন-মিয়ানমার ত্রিপক্ষীয় করিডর চালু হলে আঞ্চলিক বাণিজ্য বাড়বে বলে আশা প্রকাশ করেন হুমায়ুন কবির। তবে এ উদ্যোগে যুক্ত হওয়ার আগে রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধান প্রয়োজন বলে জানান তিনি। লিউ হাইশিংয়ের সফরের মধ্য দিয়ে চীন ও বাংলাদেশের দ্বিপক্ষীয় ও কৌশলগত সম্পর্ক আরও গভীর হবে বলেও আশা প্রকাশ করেন প্রতিমন্ত্রী।